**SMG SERVICES**

**পরিষেবার শর্তাবলী**

**কার্যকর হওয়ার তারিখ:** মার্চ 2018

SMG গোপনীয়তা নীতির সাথে পরিষেবার শর্তাবলী("**শর্তাবলী**") সেইসব শর্তাবলীর বলা আছে যেগুলির উপরে Service Management Group, LLC এবং এর অধিভুক্তরা (“**SMG**” বা “আমরা” বা “আমাদের”) আপনাকে ওয়েবসাইট, পরিষেবা এবং মোবাইল অ্যাপ্লিকেশন সহ অ্যাপ্লিকেশনগুলিতে প্রবেশাধিকার দেয় অথবা যেগুলির সাথে এই শর্তাবলী যুক্ত বা উল্লেখ করা হয়েছে (যাকে সামগ্রিকভাবে, “**SMG Services**”) বলা হবে।

SMG Service লাভ করার আগে এই শর্তাবলীটি মন দিয়ে পড়ুন; এর ভিতরে SMG ও আপনার মধ্যে হওয়া একটি আইনি চুক্তি রয়েছে।

যে কোন SMG SERVICES ব্যবহার করার আগে, আপনি এই শর্তাবলী মেনে চলতে সম্মত হচ্ছেন এবং নিশ্চিত করছেন যে আপনি সেগুলি মেনে চলতে সমর্থ এবং আইনতঃ যোগ্য। যদি আপনি আপনার নিয়োগকারীর হয়ে SMG SERVICES ব্যবহার করেন, তাহলে আপনার তরফ থেকে এই শর্তাবলী স্বীকার করা মানে আপনার নিয়োগকারী এবং SMG-র মধ্যে হওয়া একটি চুক্তি বোঝাবে, এবং আপনি উপস্থাপিত ও নিশ্চিত করছেন যে আপনার নিয়োগকারীকে এই শর্তাবলী মেনে চলতে বাধ্য করার কর্তৃত্ব আপনার আছে।

গুরুত্বপূর্ণ নোটিস: এই শর্তাবলীতে এমন কিছু বিধান আছে যেগুলি আমাদের আপনার প্রতি থাকা বাধ্যবাধকতাকে সীমিত করে এবং যার জন্য আপনাকে এককভাবে বাধ্যতামূলক চূড়ান্ত সালিশিপদ্ধতির মাধ্যমেই আমাদের সাথে কোন সংঘাতের মীমাংসা করতে হয়, কোন গোষ্ঠী বা উপস্থাপনামূলক কাজের মাধ্যমে নয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে নীচে গিয়ে “চুক্তিটির বৈধতা, নিশ্চয়তার দাবিত্যাগ এবং দায়বদ্ধতার সীমা” (বিভাগ 7) এবং “সংঘাত নিষ্পত্তিকরণ” (বিভাগ 9) পড়ুন।

**যদি আপনি এই শর্তাবলীতে ও SMG গোপনীয়তা নীতিতে দেওয়া সবকটি শর্ত মেনে না চলেন, তাহলে আপনি SMG SERVICES ব্যবহার করতে পারবেন না।**

**1. শর্তাবলীতে আসা পরিবর্তন**

এই শর্তাবলীর কার্যকর হওয়ার তারিখ এই ওয়েবপৃষ্ঠার উপরে দেওয়া আছে। নতুন বৈশিষ্ট্য যোগ করার সাথে, আমরা হয়তো এই শর্তাবলীর সংশোধন করতে পারি। SMG শর্তাবলীটি সংশোধন করেও যে কোন সময় এই শর্তগুলি বদলাতে পারে। এরকম কোন সংশোধন হলে আপনি তা মেনে চলতে বাধ্য; সুতরাং এই শর্তগুলি পর্যালোচনা করে দেখার জন্য আপনার মাঝেমধ্যে এই পৃষ্ঠাটি এসে দেখা উচিত। কোন সংশোধিত



72528550_2

শর্তাবলী পোস্ট করার পরেও আপনি SMG Services ব্যবহার করা চালিয়ে গেলে তার মানে এটিই বোঝায় যে আপনি সংশোধিত শর্তাবলী স্বীকার করছেন। সংশোধিত শর্তগুলি শর্তসম্পর্কিত আগের সব চুক্তি, নোটিস বা বিবৃতির সংস্করণগুলিকে রহিত করে কিন্তু পরিবর্তনগুলি আগের কোন তারিখ থেকে কার্যকর হবে না।

**2. অতিরিক্ত শর্তাবলী**

মোবাইল অ্যাপ্লিকেশন, সুইপস্টেকস, অফার, প্রতিযোগিতা এবং অন্যান্য পরিষেবার মত SMG Services-এর দ্বারা বা মাধ্যমে প্রদত্ত নির্দিষ্ট কিছু পরিষেবা এগুলির সাথে থাকা অতিরিক্ত শর্ত ("অতিরিক্ত শর্তাবলী") দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে। এইরকম কোন পরিষেবা ব্যবহারের আগে আপনাকে অবশ্যই অতিরিক্ত শর্তাবলীটি স্বীকার করতে হবে। অতিরিক্ত শর্তাবলীটি এই শর্তগুলির সাথে অতিরিক্ত হিসাবে প্রযোজ্য হবে। যদি এই অতিরিক্ত শর্তাবলীর কোন বিধান আসল শর্তাবলীর কোন বিধানের সাথে সংঘাতপূর্ণ হয়, তাহলে অসঙ্গতির মাত্রা পর্যন্ত আসল শর্তাবলীর গরমিলের উপরে অতিরিক্ত শর্তাবলীকেই প্রাধান্য দেওয়া হবে।

**3. গোপনীয়তা/সুরক্ষা**

SMG Services ব্যবহার করার আগে মন দিয়ে SMG-র গোপনীয়তা নীতিটি পড়ে SMG Services-এ SMG কোন কোন ব্যক্তিগত ডেটা সংগ্রহ করে, কিভাবে প্রক্রিয়াকরণ করে, এবং কাদের সাথে আপনার ব্যক্তিগত ডেটা ভাগ করা হয় তা জেনে নিন। আপনি এখানে গিয়ে SMG-র গোপনীয়তা নীতির একটি নকল খুঁজে পেতে পারেন:

**4. SMG বিষয়বস্তু**

কোন তথ্য, গ্রাফিক্স,চিত্র, শিল্পকর্ম, লেখা, ভিডিও ক্লিপ, ডেটা সঙ্কলন, সফটওয়্যার, অডিও ক্লিপ, ট্রেডমার্ক, সার্ভিস মার্ক, লগ, ট্রেড নাম এবং অন্যান্য বিষয়বস্তু সহ SMG Services যা SMG Services-এ, এদের মাধ্যমে, এদের সহায়তায় প্রদান করা হচ্ছে, (যাকে সামগ্রিকভাবে, "**SMG বিষয়বস্তু বলা হবে**") তা SMG, আমাদের অধিভুক্ত সংস্থা, অংশীদার, লাইসেন্সদাতা, বা উপস্থাপিত কোম্পানির মালিকানাধীন এবং ইউনাইটেড স্টেটস ও বৈদেশিক গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক পেটেন্ট এবং অন্যান্য আইনের অধীনে সুরক্ষিত। নীচে দেওয়া সীমিত লাইসেন্স বিভাগটিতে বর্ণিত ছাড়া. বা প্রযোজ্য আইনে যেরকম আবশ্যিক তা ছাড়া, গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক, অন্যান্য বৌদ্ধিক সম্পত্তি বা SMG Services-এর কোন অংশই আমাদের আগাম লিখিত সম্মতি ব্যতীত, সামগ্রিক বা আংশিকভাবে ব্যবহার, পুনরুত্পাদন, বিকল্প তৈরি, নকল, বিক্রী, পুনর্বার বিক্রী, লাভ, সংশোধন বা অন্যথায় অপব্যবহার করা যাবে না। SMG বিষয়বস্তু-র অননুমোদিত ব্যবহার গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক, এবং অন্যান্য আইন লঙ্ঘন করতে পারে।

যদি আপনি এই শর্তগুলিতে সম্মত হন(সাথে SMG বিষয়বস্তু নিয়ে থাকা অন্য কোন অতিরিক্ত শর্তাবলীতেও), তাহলে SMG আপনাকে SMG Services-এ প্রবেশ ও ব্যবহার করার জন্য এবং SMG বিষয়বস্তু শুধুমাত্র আপনার ব্যক্তিগত উদ্দেশ্যে ও এই শর্তগুলি সাপেক্ষে ডাউনলোড, ছাপতে এবং/অথবা নকল করার ব্যক্তিগত, প্রত্যাহারযোগ্য, অ-একচেটিয়া, অহস্তান্তরযোগ্য এবং সীমিত লাইসেন্স প্রদান করছে (উপলাইসেন্স দানের অধিকার ছাড়া)। আপনি স্বীকার করছেন যে SMG Services-এ মূর্ত ট্রেডের গোপন বিষয়গুলি এবং বৌদ্ধিক সম্পত্তিগুলির লাইসেন্স আপনাকে দেওয়া হয়নি এবং হবে না বা অন্যথায় ফাঁসও করা হয়নি। আপনি স্বীকার করছেন যে পরিষেবার পৃষ্ঠাগুলিতে যাওয়ার জন্য SMG যে HTML কোড তৈরি করে সেগুলি SMG-র গ্রন্থস্বত্তের অধিকার দিয়ে সুরক্ষিত রয়েছে। এতদ্বারা যে অধিকারগুলি স্পষ্টভাবে মঞ্জুর করা হল না সেগুলি SMG-র সংরক্ষিত।

আপনি সম্মত হচ্ছেন যে SMG Services আপনাকে আগাম লিখিত অনুমতি না দিলে, আপনি এগুলি করবেন না:

a. SMG বিষয়বস্তু অন্য কোন কাজে যুক্ত করবেন না (যেমন আপনার ওয়েবসাইটে), বা SMG বিষয়বস্তু অন্য কোন প্রকাশ্য বা বাণিজ্যিকভাবে ব্যবহার করবেন না;
b. SMG বিষয়বস্তুর অংশ হতে পারে এমন কোন গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক, বা অন্যান্য বৌদ্ধিক সম্পত্তির অধিকার সম্পর্কিত কোন নোটিস পরিবর্তন করবেন না; বা
c. যে কোন SMG Services-এর সাথে "ডীপ লিঙ্ক" করবেন না (মানে,SMG Services-এর হোম পৃষ্ঠা ছাড়া অন্য কোন পৃষ্ঠায় যাওয়ার লিঙ্ক)।

SMG Services-এ বা এর মাধ্যমে প্রদর্শিত ট্রেডমার্ক, প্রতীক এবং পরিষেবার চিহ্নগুলি( "প্রতীক")SMG বা তৃতীয় পক্ষের মালিকানাধীন। SMG বা এরকম কোন তৃতীয় পক্ষের কাছ থেকে আগাম লিখিত অনুমতি না নিয়ে আপনার প্রতীকগুলি ব্যবহার করা নিষিদ্ধ। SMG বিষয়বস্তু ব্যবহার করতে কীভাবে SMG-এর অনুমতি নিতে হয় সে সম্পর্কে তথ্য পেতে চাইলে, এখানে ইমেল করুন privacyofficer@smg.com।

**5. SMG SERVICES ব্যবহার করা**

5.1. যোগ্যতা: SMG Services এমন শিশুরা ব্যবহার করতে পারবে না যাদের বসবাসের দেশে তাদের বয়স তাদের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণে সম্মতি প্রদান করার পক্ষে আইনতঃ অনুমোদিত সীমার নীচে রয়েছে। যদি আপনার দেশে আপনার সম্মতি প্রদানের বয়স না হয়ে থাকে, তাহলে আপনি SMG Services ব্যবহার করতে পারবেন না।

5.2. আপনার অ্যাকাউন্ট: SMG Services-এর নির্দিষ্ট কিছু বৈশিষ্ট্য ব্যবহার করতে গেলে আপনাকে একটি অ্যাকাউন্ট("**অ্যাকাউন্ট**") তৈরি করতে হবে। আপনি নিজের সম্পর্কে নির্ভুল, সাম্প্রতিকতম এবং সম্পূর্ণ তথ্য প্রদান, রক্ষণাবেক্ষণ এবং আপডেট করতে সম্মত হচ্ছেন। আপনি কোন ব্যক্তির ইউজারনেম, পাসওয়ার্ড বা অ্যাকাউন্টের অন্যান্য তথ্য, বা অন্য ব্যক্তির নাম, সাদৃশ্য, কন্ঠস্বর, ছবি বা চিত্রসহ কোনকিছু ব্যবহার করে অপর কোন ব্যক্তি বা সত্তার সাথে থাকা সংযোগ বা আপনার পরিচয়কে ভুলভাবে উপস্থাপনা করবেন না অথবা কোন ব্যক্তি বা সত্তার ভুয়ো রূপ ধারণ করবেন না বলে সম্মত হচ্ছেন। উপরন্তু, যদি আপনার ইউজারনেম, পাসওয়ার্ড, অ্যাকাউন্টের অন্যান্য তথ্যের কোন অননুমোদিত ব্যবহার ঘটে বা SMG Services নিয়ে আপনি কোন নিরাপত্তা লঙ্ঘনের বিষয়ে জানতে পারেন, তাহলে আপনি আমাদেরকে privacyofficer@smg.com-এ সত্বর জানাতেও সম্মত হচ্ছেন।

**অ্যাকাউন্ট তৈরি করে আপনি সম্মত হচ্ছেন যে SMG হয়তো আপনার অ্যাকাউন্ট সক্রিয় করার সময় আপনি যে ইমেল ঠিকানাটি দিয়েছিলেন সেটিতে যোগাযোগ করতে পারে।**

অন্যদেরকে আপনার অ্যাকাউন্ট ব্যবহার করতে দেবেন না। আপনার অ্যাকাউন্টের সব ব্যবহারের জন্য আপনিই দায়বদ্ধ থাকবেন, তার মধ্যে আপনি অন্যদেরকে অ্যাকাউন্ট ব্যবহার করতে দিলে তাঁদের দ্বারা অ্যাকাউন্টটির ব্যবহারও অন্তর্ভুক্ত থাকবে।

5.3. <u>আপনার দায়িত্ব:</u>

**শুধুমাত্র আইনি উদ্দেশ্যেই SMG Services ব্যবহার করায় আপনার সম্মতি।** আপনি সম্মত হচ্ছেন যে আপনি শুধুমাত্র আইনি উদ্দেশ্যেই SMG Services ব্যবহার করবেন। আপনি এমন কোনভাবে SMG Services ব্যবহার করবেন না যা SMG-র সার্ভার বা নেটওয়ার্ককে ক্ষতিগ্রস্ত, অক্ষম বা বোঝাগ্রস্ত করে বা অন্য কোন পক্ষের ব্যবহারে এবং SMG Services উপভোগ করায় হস্তক্ষেপ করে।

**কোন বেআইনি বা অননুমোদিত উদ্দেশ্যে SMG Services ব্যবহার না করায় আপনার সম্মতি।** আপনি আরো সম্মত হচ্ছেন যে আপনি SMG Services-এ, অন্যান্য ব্যবহারকারীর অ্যাকাউন্টে বা SMG-র কম্পিউটার সিস্টেমে বা নেটওয়ার্কে হ্যাকিং করে, পাসওয়ার্ড মাইনিং বা অন্য কোন উপায়ের মাধ্যমে অননুমোদিত প্রবেশলাভের চেষ্টা করবেন না। উপরোক্ত কোনটি সীমিত করা ছাড়াই, আপনি সম্মত হচ্ছেন যে আপনি নিম্নলিখিতগুলি করবেন না (এবং আপনি অন্য কোন তৃতীয় পক্ষকে করতে উত্সাহিত বা অনুমোদিত করবেন না:

a. SMG Services বা SMG বিষয়বস্তু নকল, সংশোধন, পরিবর্তন, অনুবাদ, যন্ত্রকৌশল অনুধাবন করা, ডিকোড করা বা অন্যথায় এর কোন অংশ লাভ বা প্রবেশাধিকার দখলের চেষ্টা করবেন না;
b. SMG Services বা SMG বিষয়বস্তুতে থাকা কোন গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক বা অন্যান্য মালিকানার অধিকার সম্পর্কিত নোটিস সরাবেন না;
c. আমাদের পরিষেবা বা এমন কোন বৈশিষ্ট্যকে রোধ, অক্ষম, বা অন্যথায় হস্তক্ষেপ করার চেষ্টা করবেন না যেগুলি কোন SMG বিষয়বস্তুর ব্যবহার বা নকল করা রোধ বা নিষিদ্ধ করে বা আমাদের পরিষেবা অথবা SMG বিষয়বস্তুর ব্যবহারে সীমাবদ্ধতা আরোপ করে;
d. ইচ্ছা করে ভাইরাস, ট্রোজান, ওয়ার্ম, লজিক বম্ব, স্পাইওয়্যার, ম্যালওয়্যার বা অন্যান্য ক্ষতিকর অথবা প্রযুক্তিগতভাবে হানিকর উপাদান ঢুকিয়ে পরিষেবাটির অপব্যবহার করবেন না;
e. SMG Services-এর কোন সূচিত করবেন না অথবা তাতে প্রবেশ, পুনরুদ্ধার, অপসারণ করার বা কোন রোবোট, স্পাইডার, সাইট অনুসন্ধান/পুনরুদ্ধারমূলক অ্যাপ্লিকেশন বা অন্যান্য স্বয়ংক্রিয় ডিভাইস ব্যবহার করবেন না;
f. SMG Services, বা SMG Services-এর কোন বৈশিষ্ট্য বা কাজকে কোন তৃতীয় পক্ষের কাছে ভাড়া, ইজারা, ধার দেওয়া, বিক্রী করা, উপলাইসেন্স, আরোপ, বিতরণ, প্রকাশ, স্থানান্তর বা অন্যথায় উপলব্ধ করবেন না, তা সে যে কোন কারণেই হোক না কেন, যার মধ্যে SMG Services-কে এমন কোন নেটওয়ার্কের কাছে উপলব্ধ করে তোলাও অন্তর্ভুক্ত যেখানে এটি একই সময়ে একাধিক ডিভাইসে প্রবেশলাভে সমর্থ;
g. SMG Services-এর অঙ্গ এমন ওয়েব পৃষ্ঠার যে কোন অংশ রিফর্ম্যাট বা ফ্রেম করবেন না;
h. স্বয়ংক্রিয়ভাবে বা ভুয়ো বা প্রতারণার উদ্দেশ্যে একাধিক অ্যাকাউন্ট তৈরি করবেন না; বা
i. অন্য কোন ব্যবহারকারীর আগাম লিখিত সম্মতি না নিয়ে ব্যক্তিগত ডেটা সংগ্রহ বা সংরক্ষণ করবেন না।

**SMG Services-এর অপব্যবহার বা অননুমোদিত ব্যবহারের জন্য পরিণাম।** আপনি সম্মত হচ্ছেন যে আপনি এই নিয়মুলির কোন একটিও লঙ্ঘন করলে আপনার SMG Services ব্যবহারের অধিকার অবিলম্বে বন্ধ করা হবে, এবং এই শর্তাবলী বা প্রযোজ্য কোন অতিরিক্ত শর্তাবলীতে বর্ণিত যে কোন আবশ্যিকতা বা বিধিনিষেধ লঙ্ঘন করে SMG-র পক্ষ থেকে আপনাকে কোন আগাম নোটিস না দিয়ে SMG Services-এ আপনার প্রবেশাধিকার শেষ করার অধিকারও SMG-র আছে। আপনি তার পরেও

সম্মত হচ্ছেন যে যদি আমরা আপনাকে অনুরোধ করি তাহলে আপনি সাইটের যে কোন উপাদানের নকল ফেরত দেবেন বা নষ্ট করবেন।

SMG Services-এর ভুল বা অননুমোদিত ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ; পরিস্থিতির উপর নির্ভর করে, তা থেকে আপনার কাছে ক্ষয়ক্ষতি পরিশোধের দাবী এবং/অথবা অপরাধমূলক বিচারের পদক্ষেপ নেওয়া হতে পারে। এই শর্তাবলীর কোন লঙ্ঘন হলে বা SMG Services-এর অপব্যবহার বা অননুমোদিত ব্যবহার হলে তা আইন বলবত্কারী কর্তৃপক্ষদের কাছে জানানোর অভিযোগ SMG Services-এর আছে। SMG Services-এর কোন ভুল বা অননুমোদিত ব্যবহার হলে, আপনার SMG Services ব্যবহার করার অধিকার অবিলম্বে বন্ধ করা হবে, এবং SMG হয়তো নোটিস ছাড়াই SMG Services-এ আপনার প্রবেশাধিকার শেষ করতে পারে।

**SMG Services-এর ব্যবহার সংক্রান্ত খরচা, ফী ও অন্যান্য খরচের জন্য আপনার দায়দায়িত্ব (টেক্সট মেসেজিং ফীসহ)।** SMG Services-এর ব্যবহার সংক্রান্ত খরচা, ফী ও অন্যান্য খরচের জন্য সব দায়দায়িত্ব আপনারই হবে। আপনি যদি আপনার স্মার্টফোন, ট্যাবলেট বা অন্যান্য মোবাইল ডিভাইসে SMG Services ব্যবহার ও লাভ করেন, তাহলে আপনাকে অবশ্যই Wi-Fi বা অংশগ্রহণকারী মোবাইল পরিষেবা প্রদানকারীর মাধ্যমে তারহীন পরিষেবা রাখতে হবে কিছু নির্দিষ্ট পরিষেবার জন্য টেক্সট মেসেজিংয়ের সামর্থ্য (SMS বা MMS) থাকার দরকার হতে পারে। আপনি সম্মত হচ্ছেন যে আপনার মোবাইল পরিষেবা প্রদানকারীর থেকে উদ্ভূত সব মেসেজ এবং ডেটার খরচের জন্য আপনি নিজেই দায়বদ্ধ হবেন। We আমাদের কোন টেক্সট মেসেজিং পরিষেবার জন্য আলাদা কোন খরচ না ধরলেও মেসেজ এবং ডেটার শুল্ক লাগতে পারে। সব খরচাগুলি আপনার মোবাইল পরিষেবা প্রদানকারীর মারফত্ বিল করা হবে এবং তাদেরকেই দিতে হবে। দামের পরিকল্পনা এবং বিশদের জন্য আপনার মোবাইল পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। টেক্সট মেসেজ আসতে দেরী হলে বা টেক্সট মেসেজ দিতে ব্যর্থ হলে তার জন্য SMG দায়বদ্ধ নয়, কারণ মেসেজ পৌঁছনোর ব্যাপারটি আপনার মোবাইল পরিষেবা প্রদানকারীর থেকে কার্যকরভাবে সঞ্চারিত হওয়ার উপর নির্ভরশীল। টেক্সট মেসেজগুলি সর্বদা সর্বত্র উপলব্ধ নাও হতে পারে।

**আপনার টেক্সট মেসেজ পাওয়ার জন্য নির্বাচিত হওয়ার চুক্তির পরিণাম।** আপনি একবার আমাদের থেকে টেক্সট মেসেজ পেতে নির্বাচিত হলে, আমরা আপনাকে যে হারে টেক্সট মেসেজগুলি পাঠাব তা আপনার সাথে আমাদের লেনদেনের উপর নির্ভর করবে। **টেক্সট মেসেজ পেতে সম্মতি দিয়ে, আপনি বুঝেছেন এবং সম্মত হচ্ছেন যে SMG হয়তো আপনাকে টেক্সট মেসেজ পৌঁছে দিতে কোন স্বয়ংক্রিয় ডায়ালিং পদ্ধতি ব্যবহার করতে পারে, এবং আরো বুঝেছেন যে আপনার তরফ থেকে কোন পণ্য বা পরিষেবা কেনায় অনুমতি পেতে টেক্সট মেসেজ পাওয়ায় সম্মতি দেওয়ার দরকার নেই।**

5.4. <u>জমা</u>। SMG হয়তো সময়ে সময়ে আপনাকে ও অন্যান্য ব্যবহারকারীদেরকে স্বৈচ্ছিকভাবে SMG Services-এ বা SMG Services-এর মাধ্যমে পোস্ট করার বা অন্যথায় রেটিং, প্রস্তাব, ভিডিও মন্তব্য, ধারণা, টীকা, চিন্তা বা অন্যান্য তথ্য অথবা উপকরণ জমা দেওয়ার সুযোগ করে দেয় (সামগ্রিকভাবে, "**জমা**")।

আপনি কি জমা দিচ্ছেন তার পরিণাম এবং সেটি পোস্ট করার ব্যাপারে সম্পূর্ণভাবে নিজে দায়বদ্ধ হবেন। আপনার জমা করা বিষয়ের ফলে গ্রন্থস্বত্ব, মালিকানার অধিকার থেকে কোন ক্ষতি হলে, বা অন্য কোন ক্ষয়ক্ষতি ঘটলে তার জন্য আপনি সম্পূর্ণ নিজে দায়বদ্ধ হবেন। বিষয় জমা দেওয়া বা পোস্ট করার সময়, আপনার উচিত প্রদত্ত ব্যক্তিগত ডেটার পরিমাণ সর্বোচ্চ মাত্রা পর্যন্ত সীমিত রাখা,

কারণ আপনি কি কি বিশদ দিচ্ছেন তার উপর নির্ভর করে জমা দেওয়ার বিষয়গুলি যুক্ত করা যেতে পারে।

জমা দেওয়ার বিষয়গুলি SMG (এবং/অথবা আমাদের মনোনীতকে[দেরকে]) বা SMG Services-এর কোন স্থানে পাঠিয়ে, পোস্ট করে বা সঞ্চারিত করে, আপনি স্বয়ংক্রিয়ভাবে মঞ্জুর করছেন, বা নিশ্চয়তা দিচ্ছেন যে আপনি বা আপনার জমা দেওয়া উপকরণটির অন্য কোন মালিক স্পষ্টভাবে SMG-কে বা আমাদের মনোনীতদেরকে বিশ্বজোড়া, অ-একচেটিয়া, উপ-লাইসেন্সযোগ্য (বিবিধ স্তরের মাধ্যমে), স্থানান্তরযোগ্য, রয়্যাল্টি-মুক্ত, চিরস্থায়ী, প্রত্যাহার অযোগ্য অধিকার দিচ্ছেন যার ফলে আপনার জমা দেওয়া বিষয়টি এখন তৈরি অথবা পরে বিকশিত কোন মাধ্যমে ব্যবহার, পুনরুত্পাদন, উপলাইসেন্স দেওয়া (বিবিধ স্তরের মাধ্যমে), বিতরণ, অমৌলিক কাজ তৈরি, সম্পাদন এবং আমদানি করা যায় (সামগ্রিক বা আংশিকভাবে), তা সে বাণিজ্যিক, বা অন্য যে কোন কারণেই হোক না কেন, যার জন্য আপনাকে ক্ষতিপূরণ দিতে হয় না। অন্য ভাবে বলতে গেলে, SMG-র কিন্তু স্বয়ংক্রিয়ভাবেই আপনার জমা করা বিষয়গুলি ব্যবহারের অধিকার আছে--যার মধ্যে আপনার জমা করা বিষয়ের পুনরুত্পাদন, প্রকাশ, প্রকাশনা বা সম্প্রচার-যেকোন স্থানে, যেকোনভাবে, যে কোন মাধ্যমে এবং কোন খরচা ছাড়া বা আপনার প্রতি দায়বদ্ধতা না রেখেই করাও অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও আপনি অন্য কোন ব্যবহারকারীকে তাঁর ব্যক্তিগত ব্যবহারের জন্য আপনার জমা করা বিষয়গুলি লাভ করতে, দেখতে, সংরক্ষণ বা পুনরুত্পাদন করার অনুমতি দিচ্ছেন। SMG (এবং/অথবা এদের মনোনীতরা) যে কোন উদ্দেশ্যে যে কোন স্থানে আপনার জমা দেওয়া যে কোন বিষয় ব্যবহার করার অধিকার রাখে। SMG (এবং/অথবা এদের মনোনীত[রা])যদি কখনো আপনার জমা দেওয়ার কোন বিষয় ব্যবহার করে তাহলে কোন পরিস্থিতিতেই আপনি কোন টাকা পাওয়ার অধিকার রাখেন না। জমা দেওয়া সব বিষয়গুলিকে গোপনীয়তাহীন ও মালিকানাবিহীন বলে ধরা হবে।

আপনার পোস্ট করা জমা দেওয়া বিষয়গুলি প্রকাশ্যে উপলব্ধ হতে পারে। আপনি স্বীকার করছেন যে আপনার জমা দেওয়া কোন বিষয় নিয়ে আপনার গোপনীয়তার কোন আশা নেই। আপনি আরো স্বীকার করছেন যে আপনি স্বৈচ্ছিকভাবে এবং নিজের ঝুঁকিতে বিষয়গুলি জমা দিচ্ছেন। SMG, SMG-র ক্লায়েন্ট বা অন্য কোন ব্যক্তি বা সত্বাকে নিয়ে কোন তথ্য, মন্তব্য, বা অন্যান্য বিষয় পোস্ট করার সময় আপনার বিচার করে তা করা উচিত। আপনার জমা দেওয়া কোন বিষয় কুত্সাপূর্ণ বা অন্যথায় আইনতঃ পদক্ষেপ গ্রহণের যোগ্য হলে অন্যান্য ব্যবহারকারী, SMG, বা তৃতীয় পক্ষদের ভোগা কোন ক্ষতির জন্য আপনাকে আইনতঃ দায়বদ্ধ করা হতে পারে। আপনার বসবাসে দেশের আইনে অন্য কিছু না থাকলে, কোন বিষয় জমা দেওয়ার সময়, আপনি জমা দেওয়ার বিষয়টিকে আপনার ইউজারনেম বা ছদ্মনাম দিয়ে যুক্ত করতে পারেন।

SMG ব্যবহারকারীর দ্বারা জমা দেওয়া বিষয় নিয়ে দায়বদ্ধ নয়, এমনকি সেই জমা দেওয়া বিষয়গুলি কুত্সাপূর্ণ বা অন্যথায় পদক্ষেপ নেওয়ার যোগ্য হলেও। SMG কোন SMG Services-এ বা SMG Services-এর মাধ্যমে পোস্ট করা বা অন্যথায় জমা দেওয়া মতামত, উপদেশ বা প্রস্তাবনার পৃষ্ঠপোষণ করে না, এবং সেগুলির জন্য দায়বদ্ধ নয়। এইরকম জমা দেওয়া বিষয় নিয়ে SMG বিশেষভাবে যে কোন এবং সব দায়বদ্ধতা অস্বীকার করছে। SMG কোন SMG Services-এ বা SMG Services-এর মাধ্যমে পোস্ট করা তথ্য বা ব্যবহারকারীদের ক্ষমতা, যোগ্যতা, প্রেক্ষাপট যাচাই বা নিশ্চিত কোনটাই করে না। সেজন্যই, SMG আপনাকে সাধারণ জ্ঞান এবং সুবিচার ব্যবহার করে আপনার জমা দেওয়ার বিষয়গুলি প্রস্তুত করার অনুরোধ করছে।

জমা দেওয়ার বিষয় পোস্ট করে, আপনি সম্মত হচ্ছেন, উপস্থাপনা করছেন এবং নিশ্চিত করছেন যে আপনার জমা দেওয়া বিষয়টি:

a. নির্ভুল এবং সত্যি;
b. সেটি SMG Services-এর কোন মনোনীত বিষয় বা মূলভাব সংক্রান্ত হয়;
c. কোন তৃতীয় পক্ষের গ্রন্থস্বত্ব, ট্রেডমার্ক, পেটেন্ট, রচনা, ব্যবসার গোপন বিষয়, গোপনীয়তা, প্রচার, মালিকানা, চুক্তিমূলক বা অন্য কোন অধিকার লঙ্ঘন, অমান্য বা আত্মসাত্ করে না;
d. এমন কোন তথ্য থাকে না যা থেকে কোন ব্যক্তিকে শনাক্ত করা যায় অথবা এমন কোন তথ্য যা হয়তো অন্যথায় অন্য কোন ব্যক্তির ব্যক্তিগত ডেটা অন্তর্ভুক্ত করে, যদি না আপনি সেই ব্যক্তির আগাম লিখিত সম্মতি নিয়ে থাকেন ;
e. কোন তৃতীয় পক্ষ বা তাদের পণ্য বা পরিষেবা নিয়ে অসাড় দাবী করে না;
f. এমন কোন কুত্সাজনক, নিন্দাজনক, মিথ্যা, ভুয়ো, কুরুচিপূর্ণ, অশ্লীল, পর্ণোগ্রাফিক, হিংস্র, গোঁড়া, যৌন ইঙ্গিতপূর্ণ, ঘৃণামূলক, বিব্রতর, হুমকি প্রদর্শনকারী, হয়রানিকর, অসামাজিক, যৌন বা জাতিগতভাবে বিদ্বেষপূর্ণ মন্তব্য অথবা অন্যান্য এমন বিষয় থাকে না যা কোন ব্যক্তি বা সত্বাকে ক্ষতি করতে পারে বা ক্ষতি করবে বলে আশা করা যেতে পারে;
g. বেআইনি নয় এবং বেআইনি কার্যকলাপে উত্সাহ বা উত্তেজিত করে না বা বেআইনি কাজ করানোর আলোচনা করা হয় না;
h. বাণিজ্যিক বা ব্যবসা সংক্রান্ত নয়, এবং কোন পণ্য বা পরিষেবা (তা সে মুনাফার জন্য হোক বা নাই হোক), বিক্রী বা বিজ্ঞাপন করে না, অথবা অন্যদের কাছে অনুরোধ করে না (দান এবং চাঁদাসহ);
i. এমন কোন ভাইরাস বা ক্ষতিকর উপাদান থাকে না, অথবা অন্যথায় SMG Services-এর বা কোন সংযুক্ত নেটওয়ার্ককে ক্ষতিগ্রস্ত বা হানি করে না, অথবা অন্যথায় কোন ব্যক্তি বা সত্বার পক্ষে SMG Services-এর ব্যবহার ও উপভোগ করার ক্ষমতায় হস্তক্ষেপ করে না; এবং
j. আপনার জমা দেওয়া বিষয়টির বা SMG Services-এর বা যার মাধ্যমে আপনি বিষয়টি পোস্ট করছেন বা দিচ্ছেন তার প্রাসঙ্গিক সব প্রযোজ্য আইন, নিয়মনীতি, নিয়ন্ত্রণ এবং চুক্তিগত শর্তাবলীর পাশাপাশি, বয়সের বিধিনিষেধ মেনে চলে।

আপনি স্বীকার করছেন এবং সম্মত হচ্ছেন যে জমা দেওয়া কোন বিষয় পরিবর্তন, অপসারণ বা পোস্ট করতে স্বীকার বা অনুমতি দেওয়ার অধিকার SMG-র থাকলেও, SMG সেটি করতে বাধ্য নয়। আপনি বা কোন তৃতীয় পক্ষের তরফে জমা দেওয়া কোন বিষয়ের জন্য SMG কোন দায়িত্ব এবং বাধ্যবাধকতা বহন করে না। SMG নিশ্চিত করে না এবং করতে পারে না যে সব ব্যবহারকারীরা এই বিধাগনগুলি মেনে চলবেনই, এবং আপনার ও SMG-র মধ্যে স্থির হওয়া অনুসারে, আপনি এতদ্বারা কোনরকম অসঙ্গতিপূর্ণ কাজের দরুণ আসা ক্ষয়ক্ষতি বা চোটআঘাতের ঝুঁকি নিচ্ছেন।

আপনার জমা দেওয়া বিষয়ে নিজের ব্যক্তিগত ডেটা যতটা কম সম্ভব ততই প্রকাশ করতে SMG উত্সাহিত করে, কারণ অন্য ব্যক্তিরা বিষয়টিতে থাকা এই ব্যক্তিগত ডেটা দেখতে এবং ব্যবহার করতে পারেন। জমা দেওয়া বিষয়ের মাধ্যমে আপনি কি তথ্য প্রকাশ করছেন তার জন্য SMG দায়বদ্ধ নয়।

**6. তৃতীয় পক্ষের সাইট এবং পরিষেবা**

SMG Services-এর মধ্যে সোশ্যাল মিডিয়াসহ, তৃতীয় পক্ষের ওয়েবসাইট এবং পরিষেবার লিঙ্ক থাকতে পারে, (সামগ্রিকভাবে, "**সংযুক্ত পরিষেবা**")। সংযুক্ত পরিষেবাগুলি SMG-র নিয়ন্ত্রণাধীন নয়, এবং SMG সংযুক্ত পরিষেবাগুলির জন্য বা সেগুলির উপরে থাকা কোন তথ্য বা উপাদানের জন্য, বা কোন সংযুক্ত পরিষেবা থেকে প্রাপ্ত কোন ধরনের তথ্যসঞ্চারের জন্য দায়বদ্ধ নয়। কোন লিঙ্ক থাকা মানে এই অর্থ বহন করে না যে SMG-র তরফ থেকে সংযুক্ত পরিষেবার পৃষ্ঠপোষণ করা হচ্ছে বা সংযুক্ত পরিষেবার চালনাকারীদের সাথে কোন সংযোগ রয়েছে। SMG এই সংযুক্ত পরিষেবাগুলি অনুসন্ধান, যাচাই বা নিরীক্ষণ করে না। SMG শুধুমাত্র আপনার সুবিধার জন্য সংযুক্তি পরিষেবাগুলির লিঙ্ক দেয়। আপনি নিজের ঝুঁকিতে এই সংযুক্ত পরিষেবাগুলিতে প্রবেশ করবেন।

**7. চুক্তির বৈধতা, নিশ্চয়তার দাবিত্যাগ এবং দায়ের সীমাবদ্ধতা**

SMG নিশ্চিত করছে যে SMG বৈধভাবে এই শর্তে প্রবেশ করেছে এবং সেটি করার আইনি ক্ষমতাও রয়েছে। আপনি নিশ্চিত করছেন আপনি বৈধভাবে এই শর্তে প্রবেশ করেছেন এবং আপনার সেটি করার আইনি ক্ষমতাও রয়েছে।

**উপরে স্পষ্টভাবে প্রদত্ত ছাড়া, SMG SERVICES "যেরকম" এবং "যেভাবে উপলব্ধ" সেভাবেই প্রদান করা হয়, কোন ধরনের নিশ্চয়তা ছাড়াই, তা সে স্পষ্ট বা ইঙ্গিতপূর্ণ যাই হোক।।**

SMG Services এবং SMG Content ব্যবহার থেকে লব্ধ ফলাফল বা SMG বিষয়বস্তুর সময়সীমা অথবা, তার নির্ভরযোগ্যতা, বিশ্বস্ততা, সম্পূর্ণতা নিয়ে কোন উপস্থাপনা বা নিশ্চয়তা দেয় না। আপনি আপনার নিজের ঝুঁকিতে SMG Services এবং SMG বিষয়বস্তুর ব্যবহার করবেন। SMG Services এবং SMG বিষয়বস্তুতে মাঝেমধ্যে পরিবর্তন হওয়া সম্ভব। এই পরিবর্তনগুলি যে কোন সময়ে করা হতে পারে। SMG Services-এর মধ্যে কিছু বিষয়বস্তু তৃতীয় পক্ষের দ্বারা প্রদত্ত হতে পারে। এরকম কোন তৃতীয় পক্ষের বিষয়বস্তুর জন্য SMG দায়বদ্ধ হবে না।

SMG SERVICES এবং SMG বিষয়বস্তু কোন ধরনের কোন নিশ্চয়তা ছাড়া "যেরকম আছে" সেরকমভাবেই প্রদান করা হবে। প্রযোজ্য আইন অনুসারে যতটা সর্বাধিক সীমা পর্যন্ত অনুমোদিত, ততটা অবধি SMG বিশেষভাবে সব নিশ্চয়তা এবং যে কোন ধরনের শর্তাবলী অস্বীকার করে, যার মধ্যে সব ধরনের ঊহ্য নিশ্চয়তা এবং বিক্রয়যোগ্যতা, কোন নির্দিষ্ট উদ্দেশ্যের জন্য যথোপযুক্ততা, স্বত্ব, মালিকানা বা তৃতীয় পক্ষের অধিকার লঙ্ঘন, ত্রুটি থেকে স্বাধীনতা, অব্যাহত ব্যবহার এবং ব্যবসার ব্যবহার বা লেনদেনের ক্রম থেকে উত্পন্ন সব নিশ্চয়তা অন্তর্ভুক্ত রয়েছে।

SMG এমন নিশ্চয়তা দেয় না যে (A) SMG SERVICES আপনার আবশ্যিকতা পূরণ করবে (B) SMG SERVICES-এর কার্যকলাপ বাধাহীন বা ভাইরাস-বা ত্রুটিমুক্ত থাকবে বা (C) ত্রুটি সংশোধন করা হবে। যদি আপনার SMG Services বা SMG বিষয়বস্তুর ব্যবহারের ফল হিসাবে কোন যন্ত্রপাতি মেরামত বা প্রতিস্থাপন করার দরকার হয়, বা ডেটা বা মুনাফার ক্ষতি হয় তাহলে SMG এইসব খরচার জন্য দায়বদ্ধ হবে না। SMG বা এদের অনুমোদিত এজেন্টদের দ্বারা প্রদত্ত কোন লিখিত বা মৌখিত উপদেশ কোন নিশ্চয়তা তৈরি করে না এবং করবে না। কিছু কিছু বিচারক্ষেত্রে ঊহ্য নিশ্চয়তার বর্জন অনুমোদন করে না, যার মানে হল কিছু বা উপরের সবকটি বর্জন আপনার ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে।

**আপনি নিজের ঝুঁকিতে SMG ব্যবহার করছেন**। যদি আপনি SMG Services-এর কোন বিষয়বস্তুসহ SMG Services নিয়ে অসন্তুষ্ট হন, তাহলে আপনার একমাত্র প্রতিকার হল SMG Services-এর ব্যবহার বন্ধ করা।

আপনি সম্মত হচ্ছেন যে কোন ক্ষেত্রেই SMG বা SMG SERVICES-এ উল্লিখিত অন্য কোন তৃতীয় পক্ষকে কোন ধরনের ক্ষতির জন্য দায়বদ্ধ করবেন না যার মধ্যে (A) প্রত্যক্ষ, পরোক্ষ, বিশেষ, দৃষ্টান্তমূলক, ঘটনাক্রমিক, পরিণামস্বরূপ বা শাস্তিমূলক ক্ষতি অথবা অন্য কোন ক্ষয়ক্ষতি (যার মধ্যে বিকল্প দ্রব্য বা পরিষেবা আহরণ, ব্যবহার, ডেটা বা মুনাফা হানি, বা ব্যবসায় বাধা অন্তর্ভুক্ত হলেও তাতেই সীমিত নয়) অন্তর্ভুক্ত রয়েছে, তা সেগুলি যেভাবে এবং যে দায়ের তত্ত্বেই সৃষ্ট হোক না কেন, যা এই শর্তাবলী বা SMG SERVICES এবং তাদের বিষয়বস্তু ব্যবহার করা বা ব্যবহার না করতে পারার সাথে যুক্ত, তা সে নিশ্চয়তা, চুক্তি, কঠোর দায়বদ্ধতা, ব্যক্তিগত অপকার (অবহেলা বা অন্যথাসহ) নির্ভর হোক, বা (B) অন্য কোন দাবী, চাহিদা বা ক্ষতি থেকেই আসুক, যেটি আপনার SMG SERVICES ব্যবহার থেকে বা ব্যবহার সম্পর্কিত কিছুর ফলে উদ্ভূত হয়েছে। দায়বদ্ধতার দাবিত্যাগ আমাদের চূড়ান্ত অবহেলার ফলে বা ইচ্ছাকৃত ভূল আচরণের ফলে উদ্ভূত দায়গুলির উপরে প্রযোজ্য নয়, এবং প্রযোজ্য আইনে নিষিদ্ধ সীমা পর্যন্ত প্রযোজ্য হবে না।
যদি কোন কারণে এই বিভাগ 7-এ দেওয়া দায়ের সীমাবদ্ধতা অথবা নিশ্চয়তার দাবিত্যাগ না থাটে বা বলবত্ করার মত না থাকে, তাহলে তার দরুণ উত্পন্ন যেকোন ক্ষয়ক্ষতির জন্য SMG-র সর্বাধিক দায়বদ্ধতা $1,000-র মধ্যেই সীমিত থাকবে।

**আপনি স্বীকার করছেন এবং সম্মত হচ্ছেন যে উপরে বর্ণিত দায়ের সীমাবদ্ধতার সাথে এই শর্তাবলীতে থাকা অন্যান্য বিধানগুলি হল অপরিহার্য শর্ত এবং SMG এই শর্তগুলিতে বর্ণিত অধিকার আপনাকে মঞ্জুর করতে ইচ্ছুক হবে না কিন্তু আপনার উপরে বর্ণিত দায়ের সীমাবদ্ধতার জন্য করা চুক্তির জন্য তা আরোপিত হবে।**

যদি আপনি ক্যালিফোর্নিয়ার অধিবাসী হন, তাহলে আপনি ক্যালিফোর্নিয়া সিভিল কোড সেকশন 1542-র কথা মাথায় রেখে আপনার অধিকার মকুব করছেন, যাতে বলা আছে যে "একটি সাধারণ প্রকাশ এমন দাবীগুলির উপর থাটে না যেগুলির ঋণদাতা জানেন বা তাঁর অনুকূলে প্রকাশটি হওয়ার সময় আছে বলে সন্দেহ করেন, যা তাঁর জ্ঞাতসারে আবশ্যিকভাবে ঋণগ্রহীতার সাথে তাঁর নিষ্পত্তিকরণের বিষয়টিকে মূলতঃ প্রভাবিত করে।"

## 8. নিরাপত্তা

আপনি নিজের খরচে, প্রতিরক্ষা, ক্ষতিপূরণ করতে এবং SMG এবং এদের ক্লায়েন্ট, অধিকর্তা, আধিকারিক, কর্মচারী এবং এজেন্টদেরকে নিম্নলিখিত বিষয়গুলিতে নির্দোষ ধরতে সম্মত হচ্ছেন যার মধ্যে সব ধরনের ক্ষয়ক্ষতি, দায়বদ্ধতা, দাবী, পদক্ষেপ বা চাহিদাসহ প্রতিরক্ষার খরচ, কোন আর্থিক ক্ষতি, খরচা, আইনজীবীর জন্য যুক্তিসঙ্গত খরচা, হিসাবরক্ষণের খরচ অন্তর্ভুক্ত থাকলেও তার বাইরেও কিছু হতে পারে, যেগুলি (a) আপনার জমা দেওয়া বিষয়, (b) আপনার SMG Services ব্যবহার (c) আপনার তরফ থেকে এই শর্তগুলির যে কোন একটি, তৃতীয় পক্ষের অধিকার বা প্রযোজ্য আইন লঙ্ঘনের ফলে তৃতীয় পক্ষের তরফ থেকে SMG-র বিরুদ্ধে তোলা হয়েছে। এই ক্ষতিপূরণের বিধানটি প্রযোজ্য আইনের নিষিদ্ধ সীমায় থাটে না। SMG নিজের খরচে, ক্ষতিপূরণ সংক্রান্ত কোন বিষয়ে একচেটিয়াভাবে পক্ষসমর্থন ও নিয়ন্ত্রণ করার অধিকার

রাখে। SMG-র আগাম লিখিত অনুমোদন ছাড়া এমন কোন নিষ্পত্তিকরণ করা যাবে না যেগুলি SMG-র অধিকার বা বাধ্যতাকে ক্ষুণ্ণ করে।

**9. সংঘাত নিষ্পত্তিকরণ**

ইউ.এস. ফেডারেল আইনে নিয়ন্ত্রিত হয় এমন বৌদ্ধিক সম্মতি অধিকার বা বাধ্যতা, বা কোন লঙ্ঘনের দাবী থেকে ওঠা সংঘাত ছাড়া, আপনার ও SMG-র মধ্যে এই শর্তগুলি নিয়ে কোন সংঘাত দেখা দিলে তা আপনার বসবাসের দেশ বা আপনি কোথায় পরিষেবাটি গ্রহণ করেন তা নির্বিশেষে মিসৌরি স্টেটের (ইউনাইটেড স্টেটসে) আইন অনুসারে নিয়ন্ত্রিত হবে এবং গঠিত ও বলবত্ করা হবে, এবং আইনের নীতিকে কোন সংঘাত থাকলে তা উপেক্ষা করা হবে। এইরকম সব সংঘাত মিসৌরির আইন অনুসারে করা হবে এবং স্টেট অফ মিসৌরির মধ্যে করা চুক্তিগুলির ক্ষেত্রেই প্রযোজ্য হবে। আপনি এবং SMG সম্মত হয়েছেন যে আন্তর্জাতিক ক্ষেত্রে পণ্য বিক্রীর জন্য ইউনাইটেড নেশনস কনভেনশন চুক্তি কিন্তু এই শর্তাবলী গঠন বা ব্যাখ্যা করার সময় খাটে না।

**আপনি এবং SMG সম্মত হচ্ছেন যে প্রত্যেকেই একে অপরের স্বতন্ত্র ভিত্তিতে দাবী তুলতে পারেন কিন্তু বাদী বা অন্য কোন অভিপ্রেত গোষ্ঠীর সদস্য বা প্রতিস্থাপনামূলক কাজ বা কার্যধারার অঙ্গ হিসাবে তা করা যাবে না।**

**আপনি এবং SMG সম্মত হচ্ছেন যে এখানে বিভাগ 9-এ নির্দিষ্ট করা অনুসারে সব দাবীগুলি বাধ্যতামূলক সালিশি দিয়েই নিষ্পন্ন করা হবে এবং আপনি ও SMG এইরকম দাবীগুলি আইন আদালতে তোলার যে কোন অধিকার মকুব করছেন। আপনি আদালতে গেলে যে অধিকারগুলি পেতেন যেমন খুঁজে বের করার সুযোগ, তা হয়তো সালিশিতে উপলব্ধ নাও হতে পারে বা সীমিত হতে পারে।**

আপনার এবং SMG ও এদের এজেন্ট, কর্মচারী, আধিকারিক, অধিকর্তা, অধ্যক্ষ, উত্তরাধিকারী, আরোপকারী, বা এই শর্তাবলী সম্পর্কিত বা সেগুলির থেকে আসা সংস্থা বা অধিভুক্ত সংস্থা, এবং সেগুলির লঙ্ঘন বা ব্যাখ্যা, সেগুলির সমাপ্তিকরণ বা তার বৈধতা, এই শর্তাবলী থেকে উদ্ভূত সম্পর্ক, যার মধ্যে বৈধতা সম্পর্কিত সংঘাত, সালিশির ব্যাপারে এই শর্তাবলীর বলবত্কারিতা (সামগ্রিকভাবে যাকে, "**অন্তর্ভুক্ত সংঘাত**" বলা হবে) নিয়ে কোন সংঘাত দেখা দিলে তা স্টেট অফ মিসৌরিতে সালিশির অধীন হবে যা আমেরিকান আরবিট্রেশন অ্যাসোসিয়েশন (AAA) দ্বারা এদের বিধি অনুসারে (এদের উপভোক্তা সংক্রান্ত সংঘাতের জন্য) থাকা বিধি ও প্রক্রিয়াসহ সেটির তারিখ থেকে কার্যকর হবে। কোন সালিশি শুরু হওয়ার আগে, শুরু করা পক্ষের তরফ থেকে অন্য পক্ষকে সালিশির জন্য ইচ্ছাপ্রকাশ করার আগে 60 দিনের নোটিস দিতে হবে। আপনি আপনার অ্যাকাউন্ট তৈরির সময় যে ইমেল ঠিকানাটি দিয়েছিলেন বা অন্যথায় যে ইমেল ঠিকানাটি SMG-কে দিয়েছিলেন সেটিতে ইমেল করে SMG এইরকম নোটিস পাঠাবে; আপনি অবশ্যই এইরকম নোটিস নিম্নলিখিত ইমেলে ইমেল করে SMG-কে পাঠাবেন privacyofficer@smg.com।

দাখিল করা সব বিষয়, সালিশি এবং সালিশিকারীর খরচের পেমেন্ট AAA-র বিধি অনুসারে নিয়ন্ত্রিত হবে। যদি আপনি কোনভাবে দেখাতে পারেন যে মামলার খরচের তুলনায় সালিশির খরচা আপনার পক্ষে বাধাদায়ক হয়ে উঠবে, তাহলে SMG দাখিল করা, প্রশাসনিক ব্যাপার এবং সালিশিকারীর খরচ যতটা পারবে দেবে, যেহেতু আপনার পক্ষে খরচার দিক থেকে সালিশিটি বোঝা হয়ে যাওয়া রোধ করতে সালিশিকারীকে জরুরী ধরা হয়। যদি সালিশিকারী নির্ধারণ করেন যে সালিশিতে আপনার তোলা দাবীটি(গুলি) প্রকৃতিতে অসার হয়ে থাকে, তাহলে আপনি সালিশির সাথে সব খরচের টাকা SMG-কে ফেরত্ দিতে সম্মত হচ্ছেন যে টাকা SMG আপনার হয়ে দিয়েছে, এবং যে টাকাটি আপনাকে অন্যথায় AAA-কে দিতে হত।

AAA-র বাণিজ্যিক সালিশি নিয়ম অনুসারে একক সালিশিকারীকে নির্বাচন করা হবে। সালিশির প্রক্রিয়াটি ইংরেজী ভাষায় নিষ্পন্ন করা হবে। আদালতে আইনের অধীনে বা সাম্যের দিক থেকে যা উপযুক্ত হবে সেই প্রতিকার মঞ্জুর করার ক্ষমতা সালিশিকারীর আছে এবং সালিশিকারীর সিদ্ধান্তই চূড়ান্ত হবে যেটি প্রত্যেক পক্ষকে মানতে হবে এবং সেটিকে যোগ্য বিচারক্ষেত্রের যে কোন আদালতে বিচার হিসাবে গণ্য করা হতে পারে। যাইহোক, সালিশিকারীর কিন্তু শাস্তিমূলক বা দৃষ্টান্তস্বরূপ ক্ষতির রায় দেওয়ার ক্ষমতা থাকবে না, যে অধিকারটি এতদ্বারা উভয় পক্ষই মকুব করছে। সালিশিকারী প্রযোজ্য আইন এবং এই শর্তাবলীর বিধানগুলি প্রয়োগ করবেন; যেটি করতে ব্যর্থ হলে অতিরিক্ত সালিশিকারী কর্তৃপক্ষ এবং বিচারকের পর্যালোচনার দরকার হবে। সালিশিকারীর সিদ্ধান্ত যেন আবশ্যিকভাবে লিখিত ব্যাখ্যাসহ হয় এবং গোপন থাকে। SMG এবং আপনি সম্মত হচ্ছেন যে, যে কোন অন্তর্ভুক্ত সংঘাত স্বতন্ত্র ভিত্তিতে সালিশির জন্য জমা দেওয়া হবে। **আপনি বা SMG কেউই কিন্তু কোন অন্তর্ভুক্ত সংঘাতকে গোষ্ঠী, প্রতিনিধি বা ব্যক্তিগত অ্যাটর্নি জেনারেলের সহায়তায় সালিশি করতে পারবেন না এবং সালিশিকারীরও কোন গোষ্ঠী, প্রতিনিধি বা ব্যক্তিগত অ্যাটর্নি জেনারেল হিসাবে এগোনোর কোন কর্তৃত্ব থাকবে না।** যদি চুক্তিটির কোন বিধান এই বিভাগ 9 অনুসারে সালিশি করার পক্ষে বাধাদায়ক হয়, তাহলে বাধাদায়ক বিধানগুলিকে পৃথক করে বাকি সালিশির শর্তাবলী বলবত্ করা হবে (কিন্তু কোনমতেই সেখানে কোন গোষ্ঠী, প্রতিনিধি বা ব্যক্তিগত অ্যাটর্নি জেনারেলের সালিশি হবে না)। এটির বিরুদ্ধে কোন বিধি বা আইন থাকলেও, এই শর্তাবলী থেকে বা এই শর্তাবলী সংক্রান্ত কোন দাবীর নোটিস দাবীটি ওঠার পরের এক (1) বছরের মধ্যেই করতে হবে, নতুবা সেটিকে চিরতরে বাতিল করে দেওয়া হবে। এই বিভাগ 9-এর উদ্দেশ্যের জন্য, এই শর্তাবলী এবং সংশ্লিষ্ট লেনদেনগুলি ফেডারেল আরবিট্রেশন অ্যাক্ট, 9 U.S.C. বিভাগ. 1-16 (FAA)-র শর্তাধীন ও সেগুলি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

**বিঃ দ্রঃ**: এই শর্তাবলীতে সম্মত হয়ে, আপনি স্পষ্টভাবে সম্মত হচ্ছেন যে ইউনাইটেড স্টেটসের বাইরের কোন বিচারক্ষেত্রের অধীনস্থ আইনে SMG-র বিরুদ্ধে আপনার কোন দাবী বা পদক্ষেপ থাকলেও আপনি এতদ্বারা সেগুলি মকুব করবেন, যার মধ্যে সীমাহীনভাবে আপনার নিজের দেশের আইনে ওঠা কোন দাবী বা পদক্ষেপও অন্তর্ভুক্ত রয়েছে, এবং এই বিভাগ 9-এর শর্তাবলী অনুসারে যে কোন সংঘাতের জন্য প্রযোজ্য আইন ও আপনার নিজস্ব অবস্থান ইউনাইটেড স্টেটসই হবে।

## 10. পুরস্কার

সময়ে সময়ে, SMG হয়তো আপনাকে পুরস্কার পাওয়ার সুযোগ করে দিতে পারে, যেমন রিওয়ার্ড পয়েন্ট, ছাড় বা বিশেষ অফার (যাকে সামগ্রিকভাবে, "**পুরস্কার**") বলা হবে। SMG Services-এর মাধ্যমে কখন পুরস্কারগুলি আপনার জন্য উপলভ্য হবে তা আমরা আপনাকে জানাব। পুরস্কারগুলির সুবিধা এবং বৈধতা পর্ব হয়তো ভিন্ন হতে পারে, কাজেই যখন আপনি পুরস্কারটি পাবেন তখন প্রতিটি পুরস্কারের বিশদ দেখে নিন। SurveyMini-র জন্য, নব্বই দিন (90) নিষ্ক্রিয় থাকার পরে, আপনার পুরস্কারের পয়েন্টগুলির মেয়াদ উত্তীর্ণ হবে। আপনার পুরস্কারগুলি শুধুমাত্র আপনার ব্যক্তিগত ব্যবহারের জন্যই। আপনি আপনার পুরস্কার নিয়ে স্থানান্তরিত, আরোপ, বিক্রী, বিনিময় বা ব্যবসা করতে পারবেন না। আইনতঃ আবশ্যিক না হলে, পুরস্কারগুলি নগদ টাকার বিনিময়ে ভাঙ্গানো যাবে না এবং অন্য কোন SMG বা ক্লায়েন্টের প্রচার, অফার বা ছাড়ের সাথে একত্রিত করা যাবে না। আপনি আপনার পুরস্কার রিডীম করার পরে কোন কারণেই ক্রেডিট বা টাকা ফেরত্ দেওয়া হবে না। SMG পুরস্কারের বৈধতা স্থগিত, সংশোধন বা সমাপ্ত করার অধিকার রাখে। আপনি SMG-র সিদ্ধান্ত মেনে নিতে সম্মত হচ্ছেন, যেটি পুরস্কার সংক্রান্ত সব বিষয়ে চূড়ান্ত এবং বাধ্যতামূলক হবে।

**11. মোবাইল অ্যাপ্লিকেশনের আপডেট**

আমরা হয়তো সময়ে সময়ে (আমাদের নিজস্ব বিবেচনায়) আমাদের মোবাইল অ্যাপ্লিকেশনগুলির জন্য আপডেট বানাতে ও দিতে পারি, যার মধ্যে আপগ্রেড, বাগ ফিক্স করা, প্যাচ এবং অন্যান্য ত্রুটি সংশোধন, এবং/অথবা নতুন বৈশিষ্ট্য অন্তর্ভুক্ত (যাকে সামগ্রিকভাবে, "**আপডেট**" বলা হবে) থাকতে পারে। আপডেটগুলি হয়তো নির্দিষ্ট কিছু বৈশিষ্ট্য এবং কার্যকলাপ পুরোপুরি সংশোধন বা মুছে দিতে পারে। আপনি সম্মত হচ্ছেন যে কোন আপডেট প্রদান করতে বা কোন নির্দিষ্ট বৈশিষ্ট্য বা কার্যকারিতা প্রদান করা বা চালিয়ে যাওয়ার জন্য SMG-র কোন বাধ্যবাধকতা নেই।

আপনার মোবাইল ডিভাইসটি যখন ইন্টারনেটের সাথে সংযুক্ত রয়েছে তখন আপনার মোবাইল ডিভাইস সেটিংসের উপর নির্ভর করে হয়: (a) আপডেটগুলি স্বয়ংক্রিয়ভাবে ডাউনলোড ও ইনস্টল করা হবে; বা (b) আপনি হয়তো আপডেট ডাউনলোড ও ইনস্টল করার নির্দেশ বা নোটিস পেতে পারেন।

সত্বর আপডেটগুলি ডাউনলোড এবং ইনস্টল করুন। যদি আপনি তা না করেন, তাহলে SMG Services-এর অংশ বিশেষ হয়তো ঠিকভাবে কাজ নাও করতে পারে। আপনি আরও সম্মত হয়েছেন যে সব আপডেটগুলিকে SMG Services-এর অঙ্গ হিসাবে গণ্য করা হবে এবং সেগুলি এই শর্তগুলির শর্তসাপেক্ষ হবে।

**12. বৈদ্যুতিন মাধ্যমে চুক্তিস্থাপন**

আপনারল তরফ থেকে SMG Services ইতিবাচকভাবে ব্যবহার করা এবং/অথবা নিবন্ধীকরণ করা মানে এটিই বোঝায় যে আপনি আমাদের সাথে বৈদ্যুতিন মাধ্যমে চুক্তি করলেন।

**13. ভৌগোলিক বিধিনিষেধ/রপ্তানির নিয়ন্ত্রণ**

SMG Services এবং SMG বিষয়বস্তু ইউনাইটেড স্টেটসের মিসৌরি স্টেট ভিত্তিক এবং প্রতিটিই ইউনাইটেড স্টেটসের বাইরের কোন স্থানের ব্যক্তিরা ব্যবহার বা লাভ করতে পারলেও, আপনি স্বীকার করছেন যে আইনি বা কার্যচালনার কারণের জন্য আপনি হয়তো আপনার বিচারক্ষেত্রে SMG Services অথবা SMG বিষয়বস্তু লাভ করতে নাও পারেন। যদি আপনি ইউনাইটেড স্টেটসের বাইরে থেকে SMG Services বা SMG বিষয়বস্তুতে প্রবেশাধিকার লাভ করে থাকেন, তাহলে আপনি SMG বিষয়বস্তুর আমদানি, রপ্তানি বা পুনর্রপ্তানি সংক্রান্ত স্থানীয় মেনে চলতে দায়বদ্ধ হবেন।

SMG Services হয়তো নির্দিষ্ট দেশে নিয়ন্ত্রণমূলক আইনসাপেক্ষ হতে পারে, যার মধ্যে US এক্সপোর্ট অ্যাডমিনিস্ট্রেশন অ্যাক্ট এবং এর সংশ্লিষ্ট নিয়মকানুনগুলি অন্তর্ভুক্ত রয়েছে। আপনি এইরকম আইন এবং নিয়মনীতি মেনে চলতে সম্মত হচ্ছেন, এবং আপনি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, এমন কোন দেশে বা বিচারক্ষেত্রে SMG Services রপ্তানি, পুনর্রপ্তানি বা প্রকাশ করবেন না, বা এমন কোন দেশে বা বিচারক্ষেত্র থেকে SMG Services-কে প্রবেশসাধ্য করবেন না, যেখানে আইন, নিয়মকানুন বা নিয়ন্ত্রণ দ্বারা রপ্তানি, পুনর্রপ্তানি বা প্রকাশ করা নিষিদ্ধ। আপনি আরও সম্মত হচ্ছেন যে আপনি প্রযোজ্য সব ফেডারেল আইন, নিয়মকানুন এবং বিধি মেনে চলবেন, এবং সব আবশ্যিক অধিগ্রহণ সম্পূর্ণ করবেন (তার মধ্যে প্রয়োজনীয় রপ্তানির লাইসেন্স বা অন্যান্য সরকারী অনুমোদন অন্তর্ভুক্ত রয়েছে) যেগুলি US-এর বাইরে SMG Services রপ্তানি, পুনর্রপ্তানি, প্রকাশ বা অন্যথায় উপলভ্য করে তোলার জন্য জরুরী। তার সাথে কোন SMG বিষয়বস্তু ডাউনলোড করে, আপনি সম্মত হচ্ছেন যে আপনি এমন কোন দেশে নেই যে দেশে এরকম রপ্তানি করা নিষিদ্ধ, এবং আপনি U.S. কমার্স ডিপার্টমেন্টের খারিজকরণ আদেশের সারণী বা U.S. ট্রেজারি ডিপার্টমেন্টের বিশেষভাবে মনোনীত নাগরিকদের তালিকায় নেই।

## 14. US সরকারের অধিকার

SMG Services হল বাণিজ্যিক কম্পিউটার সফটওয়্যার, যা 48 C.F.R. §2.101-এ সংজ্ঞায়িত রয়েছে। সেই অনুসারে, যদি আপনি US সরকারের কোন এজেন্সী বা তাদের কোন ঠিকাদার হন, তাহলে আপনি (a) 48 C.F.R. §227.7201 থেকে 48 C.F.R. §227.7204 অবধি অনুসরণ করে লাইসেন্সের অধীনে অন্য সব ব্যবহারকারীদের মঞ্জুর করা SMG Services-এর অধিকারগুলিই পাবেন, যা ডিপার্টমেন্ট অফ ডিফেন্স এবং তাদের ঠিকাদারদের প্রাসঙ্গিক, বা (b) 48 C.F.R. §12.212, অন্যান্য সব US সরকারের লাইসেন্সধারী ব্যক্তি এবং তাঁদের ঠিকাদারদের প্রাসঙ্গিক।

## 15. সমাপ্তিকরণ

SMG হয়তো নিজের বিবেচনায় SMG Services সংশোধন বা বন্ধ করতে পারে, অথবা আপনার অ্যাকাউন্ট অথবা SMG Services-এ আপনার প্রবেশাধিকার সংশোধন, স্থগিত বা সমাপ্ত করতে পারে, যা যে কোন সময়ে যে কোন কারণে, আপনাকে নোটিস দিয়ে বা না দিয়েই, এবং কোন তৃতীয় পক্ষের দায়বদ্ধতা ছাড়াই করা হতে পারে। যেমন, SMG-র যদি মনে করার কারণ থাকে যে আপনি অপ্রাপ্তবয়স্ক, তাহলে SMG Service-এ আপনার প্রবেশাধিকার নোটিস দিয়ে বা না দিয়েই বন্ধ করা হতে পারে এবং আপনার অ্যাকাউন্ট সমাপ্ত করা হতে পারে। আরেকটি উদাহরণ হল, যদি SMG-র কাছে বিশ্বাস করার মত কারণ থাকে যে আপনি মিথ্যা, অসম্পূর্ণ বা ভুল তথ্য দিয়েছেন, বা অন্যথায় এই শর্তাবলী বা অন্য কোন প্রযোজ্য অতিরিক্ত শর্তাবলী মেনে চলতে ব্যর্থ হয়েছেন তাহলে SMG আপনার অ্যাকাউন্ট এবং আপনার SMG Services ব্যবহার করার ক্ষমতা, নোটিস দিয়ে বা না দিয়েই সমাপ্ত করতে পারে।

যদি আমরা আপনাকে বলি তাহলে আপনি সাইটের যে কোন উপকরণের নকল ফেরত দিতে বা নষ্ট করতে সম্মত হচ্ছেন।

সমাপ্তিকরণ SMG-র কোন অন্য অধিকার বা প্রতিকারকে সীমিত করবে না। এইরকম কোন সংশোধন, বন্ধ করা, স্থগিতকরণ এবং/অথবা সমাপ্তিকরণ সত্ত্বেও শর্তাবলীটি স্পষ্টতঃই টিকে থাকবে, এবং কার্যকর থাকবে।

## 16. গ্রন্থস্বত্ব লঙ্ঘনের দাবী

SMG অন্যদের বৌদ্ধিক সম্পত্তির অধিকারগুলিকে সম্মান করে। আমরা US ডিজিটাল মিলেনিয়াম কপিরাইট অ্যাক্টের ("**DMCA**"), আবশ্যিকতা অনুসারে লঙ্ঘনের অভিযোগে পাঠানো নোটিসে সাড়া দিই, যার মধ্যে, যেখানে যথাযথ সেখানে লঙ্ঘন করা কার্যকলাপের আওতায় থাকা উপকরণটিকে সরিয়ে দেওয়া বা তা লাভ করার অধিকার অক্ষম করাও অন্তর্ভুক্ত থাকে।

যদি আপনি সত্ বিশ্বাসে মনে করেন যে আপনার কাজটি এমনভাবে নকল করা হচ্ছে যাতে গ্রন্থস্বত্বের লঙ্ঘন হচ্ছে বা আপনার বৌদ্ধিক সম্পত্তির অধিকার অন্যথায় SMG Services-এ বা SMG Services-এর মাধ্যমে লঙ্ঘন করা হয়েছে, তাহলে হয় চিঠি লিখে আপনার দাবী বা লঙ্ঘনের নোটিসটি আমাদের DMCA এজেন্টকে পাঠান:

DMCA Agent
Service Management Group, LLC
1737 McGee Street
Kansas City, MO 64108

বা ইমেল করে:

privacyofficer@smg.com

আপনার বিজ্ঞপ্তিতে যেন নিম্নলিখিত তথ্যগুলি অন্তর্ভুক্ত থাকে:

a. যে অধিকারটি লঙ্ঘন করার অভিযোগ করার হচ্ছে সেটির একচেটিয়া মালিকের হয়ে কাজ করতে অনুমোদিত কোন ব্যক্তির বাস্তবিক বা ইলেকট্রনিক স্বাক্ষর;
b. গ্রন্থস্বত্ব থাকা যে কাজটি লঙ্ঘন করা হয়েছে বলে দাবী করা হচ্ছে সেটির শনাক্তকরণ, বা যদি একক বিজ্ঞপ্তিতে একক অনলাইন সাইটে বিবিধ গ্রন্থস্বত্ব থাকা কাজকে অন্তর্ভুক্ত করা হয়, তাহলে সেই সাইটে এইরকম কাজের একটি নির্দেশকারী তালিকা;
c. যে উপকরণটি লঙ্ঘন করা হচ্ছে লঙ্ঘনকারী কাজের অধীন বলে দাবী করা হচ্ছে সেটির শনাক্তকরণ, এবং যেটিকে সরাতে হবে বা যেটি লাভ করার অধিকার অক্ষম করতে হবে তার শনাক্তকরণ এবং পরিষেবা প্রদানকারীকে বিষয়টির স্থাননির্ণয় করানোর পক্ষে পর্যাপ্ত তথ্য;
d. পরিষেবা প্রদানকারীর তরফ থেকে অভিযোগকারী পক্ষের সাথে যোগাযোগ করার মত পর্যাপ্ত তথ্য দেওয়া, যেমন ঠিকানা, টেলিফোন নম্বর, এবং উপলভ্য থাকলে, ইমেল ঠিকানা যাতে অভিযোগকারী পক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে;
e. একটি বয়ান যাতে লেখা থাকে যে অভিযোগকারী সদিচ্ছা নিয়ে মনে করেন যে অভিযোগ করা পদ্ধতিতে বিষয়টি ব্যবহার করা গ্রন্থস্বত্বের মালিক, তার এজেন্ট বা আইনে অনুমোদিত নয়; এবং
f. একটি বয়ান যাতে লেখা থাকে যে বিজ্ঞপ্তিতে থাকা তথ্য নির্ভুল, এবং মিথ্যা শপথ দেওয়ার শাস্তির অধীনে, অভিযোগকারী পক্ষ সেই বিশেষ অধিকারের মালিকের হয়ে কাজ করতে অনুমোদিত যে অধিকারটি ভঙ্গ করার অভিযোগ তোলা হচ্ছে।

আমাদের DMCA এজেন্ট শুধুমাত্র এমন নোটিস এবং অনুসন্ধানেই সাড়া দেবেন যেগুলি DMCA-র আবশ্যিকতার সাথে সঙ্গতিসাধন করে। আরও তথ্যের জন্য www.copyright.gov দেখুন।

## 17. ক্যালিফোর্নিয়ার আবাসিকদের জন্য তথ্য

ক্যালিফোর্নিয়া সিভিল কোড সেকশন 1789.3-এর অধীনে, আমাদের তরফ থেকে নিম্নলিখিত উপভোক্তা বিষয়ক তথ্যগুলি ক্যালিফোর্নিয়ার আবাসিকদের দেওয়া আবশ্যিক:

a. SMG Services Service Management Group, LLC, 1737 McGee Street, Kansas City, MO 64108-র দ্বারা চালিত এবং/অথবা মালিকানাভুক্ত। SMG-র সাথে যোগাযোগ করার ফোন নম্বর হল 1-800-764-0439;
b. অন্যথায় স্পষ্ট করে বলা না থাকলে, SMG Services নিখরচায় দেওয়া হবে;
c. SMG Services নিয়ে কোন অভিযোগ দাখিল করতে বা SMG Services নিয়ে আরও তথ্য পেতে, Service Management Group, LLC-তে একটি চিঠি পাঠান: Data Protection Officer, 1737 McGee Street, Kansas City, MO 64108 -এ বা ইমেল করে আমাদের সাথে যোগাযোগ করুন privacyofficer@smg.com (বিষয় হিসাবে "ক্যালিফোর্নিয়া রেসিডেন্ট রিকোয়েস্ট" কথাটি লিখুন)। আপনি চিঠি লিখেও 400 R Street, Suite 1080, Sacramento, California 95814 এ অবস্থিত

ক্যালিফোর্নিয়ার উপভোক্তা সেবা বিভাগের অভিযোগ সহায়তা ইউনিটে যোগাযোগ করতে পারেন অথবা টেলিফোনে 916.445.1254 বা 800.952.5210 নম্বরে যোগাযোগ করতে পারেন।

## 18. বিবিধ

a. সংশ্লিষ্ট সাইটে তালিকাভুক্ত এই শর্তাবলী এবং গোপনীয়তা নীতিগুলিতে আপনার ও SMG-র মধ্যে থাকা এখানে দেওয়া বিষয়ের উপর কি বোঝাপড়া হয়েছে তার সবটাই থাকবে।
b. এই শর্তগুলি ইংরেজীতে লেখা হয়েছে। এই ইংরেজী ভাষার চুক্তিটি সব দিক থেকে নিয়ন্ত্রণ করবে। অন্য কোন ভাষায় এই চুক্তিটির অন্য কোন সংস্করণ বেরোলে তা শুধুমাত্র সুবিধার্থে করা হবে এবং উভয় পক্ষের কারোর ক্ষেত্রেই বাধ্যতামূলক হবে না।
c. এই শর্তাবলী SMG, এবং আপনার উত্তরাধিকারী এবং আরোপিতদের ক্ষেত্রে যথাক্রমে সুবিধা দিতে কার্যকর ও বাধ্যতামূলক হবে।
d. এই শর্তাবলীটি SMG-র দ্বারা আরোপিত হতে পারে, কিন্তু আপনি SMG-র আগাম লিখিত সম্মতি ছাড়া সেগুলি অন্য কারোর কাছে আরোপ করতে পারবেন না।
e. যদি এই শর্তাবলীর কোন বিধান বলবতের অযোগ্য বা অবৈধ হয়ে যায়, তাহলে অবশিষ্ট বিধানগুলি এমনভাবে কার্যকর হতে থাকবে যেন সেই বলবত্ অযোগ্য বা অবৈধ বন্দোবস্তগুলি ব্যবহারই করা হয়নি।
f. যদি SMG বা আপনি এই শর্তাবলীর অধীনে কোন বাধ্যতা পূরণ করতে ব্যর্থ হন, এবং অপর পক্ষ কোনরকম বাধ্যবাধকতা বলবত্ করে না, তাহলে কোনক্ষেত্রেই বলবত্ করার ব্যর্থতা থেকে বাধ্যবাধকতাটির ছাড় বোঝায় না এবং অন্য কোন ক্ষেত্রে সেটি বলবত্ করা রোধ করবে না।
g. এই শর্তাবলীতে এমন কিছুই নেই যা SMG-কে বা আপনাকে একে অপরের এজেন্ট বা প্রতিনিধি বা যৌথ অংশীদার বা সহযোগী বলে গণ্য করাবে।
h. যদিকোন পক্ষের তরফে শর্তাবলীর বিধানের জন্য ঘটনা নিয়ন্ত্রণের বাইরে যাওয়ার জন্য SMG বা আপনি এই শর্তাবলীর অধীনে কোন বাধ্যতা পালন করতে না পারেন তাহলে ক্ষতিগ্রস্ত পক্ষের কার্যসম্পাদন বিলম্বের পর্ব বা এইরকম ক্ষেত্রে কাজ না করতে পারার সময় পর্যন্ত বাড়ানো হবে।
i. শিরোনাম এবং শিরোলিপিগুলি শুধুমাত্র স্বাচ্ছন্দ্যের জন্যই দেওয়া আছে।

**প্রশ্ন আছে?**

যদি আপনার ব্যবহারের এই শর্তাবলী নিয়ে বা SMG Services নিয়ে কোন প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে privacyofficer@smg.com-এ আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনি আমাদেরকে এখানেও লিখতে পারেন:
Service Management Group, LLC
দ্রষ্টব্য: Data Protection Officer
1737 McGee Street
Kansas City, MO 64108

®/TM trademarks © Service Management Group, LLC 2017. সর্বস্বত্ব সংরক্ষিত।